গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি


**নম্বর:** ৩৩.০২.০০০০.০০০.১০২.৪১.০০০১.১৭.২২৩

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

**অফিস আদেশ**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে প্রায়ই মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় এবং মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় উপস্থিত হয়ে বিভিন্ন তদবীর এবং সুপারিশ করেন। এর ফলে বিভাগীয় কার্যক্রম পরিচালনায় বিঘ্নের সৃষ্টি হচ্ছে এবং বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে যা ''সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮'' এবং "সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯'' এর পরিপন্থি।

এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশাসনিক কাজের স্বার্থে/ব্যক্তিগত কারণে যথাযথ কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমোদন গ্রহণ করতঃ স্বীয় কর্মস্থল ত্যাগ করার জন্য অনুরোধ করা হলো। বিনা অনুমতিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে গমন ও মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরে আগমন কিংবা অফিস শৃঙ্খলা পরিপন্থি কার্যক্রমে জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিভাগীয় এবং জেলা মৎস্য দপ্তরের প্রধানগণকে বিষয়টি যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ জানানো হলো।



১৮-০৬-২০২৬
ড. মোঃ খালেদ কনক
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল : dg@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১০২.৪১.০০০১.১৭.২২৩/১ (১১)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন)/(অভ্যন্তরীণ মৎস্য)/রিজার্ভ)/(ব্লু-ইকোনমি)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ ( মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ)/মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা/পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/পরিচালক, মৎস্য অধিদপ্তর, ----------বিভাগ,----------।
৩। উপপরিচালক ( ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা,ঢাকা/উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/অধ্যক্ষ, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটর, গোপালগঞ্জ/কিশোরগঞ্জ/সিরাজগঞ্জ/চাঁদপুর/প্রিন্সিপাল, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, ----------------------------------------।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, /জেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ)/সিনিয়র সহকারী পরিচালক/আঞ্চলিক মৎস্য কর্মকর্তা/উপপ্রধান-------------।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য )।
৭। সহকারী পরিচালক, (প্রশাসন-১)/সহকারী পরিচালক/সহকারী পরিচালক (রিজার্ভ)-------------------------------------------।

৮। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, /উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী/অধ্যক্ষ--------------------------------------।

৯। প্রোগ্রামার, (আইসিটি শাখা),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো)।

১০। উপজেলা মৎস্য কর্মকর্তা, /খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা,---------------------------------------------।

১১। জনাব, ---------------------------------------------------------------।

১৯-০৬-২০২৬

মোঃ আরিফুল ইসলাম

সহকারী পরিচালক (প্রশাসন-১)